



চিটাগাং ড্রাই ডক লিমিটেড
বাংলাদেশ নৌবাহিনী
পূর্ব পতেঙ্গা, চট্টগ্রাম

২৩.০২.১৫৬৫.৩৪১.১১.০০১.১৯. ২০১৭

০৩ সেপ্টেম্বর ২০১৯

নিয়োগ বিজ্ঞপ্তি

চিটাগাং ড্রাই ডক লিমিটেড বাংলাদেশ নৌবাহিনী, পোঃ বক্স নং-২০০৭ (বন্দর), পূর্ব পতেঙ্গা, চট্টগ্রাম এর জন্য নিম্নবর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ী (কাজ নেই বেতন নেই) ভিত্তিতে ৮৯ দিনের নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বয়সসীমা	অভিজ্ঞতা	যোগ্যতা
১।	গাড়ি চালক	০৬	অনুর্ধ্ব - ৩০ বছর। (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য)	ন্যূনতম ০৫ বছরের চাকুরীর অভিজ্ঞতা	ন্যূনতম অষ্টম শ্রেণি পাশ এবং হেভি লাইসেন্সধারী
২।	আধাদক্ষ শ্রমিক (কুক)	০১	অনুর্ধ্ব - ৩০ বছর। (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য)	ন্যূনতম ০২ বছরের কাজের অভিজ্ঞতা	ন্যূনতম ৮ম শ্রেণি পাশ।

আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ও সময়ঃ ১৭ সেপ্টেম্বর ২০১৯ ইং বিকাল ০৫.০০ ঘটিকা।

বিশেষ দৃষ্টব্যঃ

- ১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- ২। খামের উপর আবেদনকৃত পদের নাম এবং বিজ্ঞপ্তির সূত্র নম্বর উল্লেখ করতে হবে।
- ৩। আবেদনপত্র প্রতিষ্ঠান হতে সংগ্রহ করা যাবে। এছাড়া প্রতিষ্ঠানের ওয়েবসাইট থেকে নির্ধারিত আবেদন ফর্ম ডাউনলোড করে দরখাস্ত করা যাবে।
- ৪। প্রার্থীকে অবশ্যই আবেদনপত্রের সাথে সম্প্রতি তোলা ০৪ কপি পাসপোর্ট ছবি, সকল প্রকার শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, অভিজ্ঞতা সনদ, ড্রাইভিং লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৫। যে সকল আবেদনকারীর আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ের পর গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে, তাদেরকে পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য অবহিত করা হবে। সিডিডিএল কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- ৬। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ দেওয়া হবে না।
- ৭। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ৮। বিজ্ঞপ্তিতে শূণ্য পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি বা বিজ্ঞপ্তি সংশোধন/ বাতিল/প্রত্যাহারের সর্বসত্ত্ব অধিকার সিডিডিএল কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ৯। সিডিডিএল এর চাকুরি হতে বহিস্কৃত হলে চাকুরিতে আবেদনের অযোগ্য হিসেবে বিবেচিত হবে।
- ১০। প্রতিষ্ঠানের প্রযোজ্য শর্ত পূরণ সাপেক্ষে পরীক্ষার ফলাফল অনুযায়ী উচ্চতর বা নিম্নতর শ্রেণি/ গ্রেড নির্ধারণ করা হতে পারে।
- ১১। অত্র প্রতিষ্ঠানে প্রচলিত ৮৯ দিন ভিত্তিক/মাস্টাররোল শ্রমিক-কর্মচারীদের জন্য প্রযোজ্য বেতন কাঠামো অনুযায়ী বেতন, ওভারটাইম ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রদান করা হবে।

আতিকুর রহমান
ক্যাপ্টেন বিএন
মহাব্যবস্থাপক (প্রশাসন)